গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সুখনগর (সুখ-শান্তির বাজার), গাইবান্ধা
Website: jpuf.gaibandha.gov.bd

স্মারক নং-৪১.০২.৩২০০.০০০.০৫.০০৮.২০২০-২১ | তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৬ / ১৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী (২০২০-২০২১) "মুজিব বর্ষ" যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে বছরব্যাপী বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা প্রনয়ণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর শততম জন্মবার্ষিকী "মুজিব বর্ষ" যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে বছরব্যাপী বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হলোঃ

| ক্র: নং | কর্মপরিকল্পনার শিরোনাম | কার্য বিবরণ | সময়কাল (মার্চ ২০২০-মার্চ ২০২১) | বাস্তবায়নকারী ব্যক্তি/প্রতিষ্ঠান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ২০২০ সালে পবিত্র হজ্ব গমনেচ্ছুক যাত্রীদের থেরাপি সেবা প্রদান | ২০২০ সালে পবিত্র হজ্ব পালন ইচ্ছুক সম্মানিত হাজীবৃন্দকে প্রসেসাকে'তে বিনামূল্যে ফিজিওথেরাপি ও হজ্বকালীন স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কিত পরামর্শ সেবা প্রদান করা হবে। সেবাগ্রহিতার সংখ্যা কমপক্ষে ১০০ জন। | ২০২০ সালে পবিত্র হজ্বে গমনের পূর্বে ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা কর্তৃক হজ্ব প্রশিক্ষণকালীন সময়ে গাইবান্ধা জেলা হতে সর্বশেষ হাজীর গমন পর্যন্ত। | যৌথভাবে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, ইসলামিক ফাউন্ডেশন এবং জেলা প্রশাসন, গাইবান্ধা। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা'র সাথে পরামর্শ করে এ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ০২ | অটিজম ও বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়সমূহে শিক্ষার্থী, মা-বাবা, অভিভাবক এবং শিক্ষকবৃন্দের মাঝে এনডিডি সম্পর্কে সচেতনতামূলক আলোচনা সভা, উঠোন বৈঠক কার্যক্রম | গাইবান্ধা জেলার সাতটি উপজেলার স্বীকৃত ও অস্বীকৃত সকল বুদ্ধি প্রতিবন্ধী ও অটিজম বিদ্যালয়ের শিক্ষার্থী, মা-বাবা, অভিভাবক এবং শিক্ষকবৃন্দের মাঝে এনডিডি সম্পর্কে আলোচনা সভা ও উঠোন বৈঠক কার্যক্রম পরিচালনা করা হবে, যাতে প্রত্যেক আলোচনা সভা ও বৈঠকে উপস্থিতির সংখ্যা নিশ্চিত করা হবে কমপক্ষে ১০০ জন ব্যক্তি। | মার্চ ২০২০-মার্চ ২০২১ পর্যন্ত প্রতি মাসে একটি উপজেলার কমপক্ষে একটি বিদ্যালয় | যৌথভাবে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং উপজেলা প্রশাসন। | সংশ্লিষ্ঠ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, প্রসেসাকে, গাইবান্ধার কর্মকর্তাবৃন্দ পরামর্শ করে কাযক্রম গ্রহণ করা হয়েছে। |
| ০৩ | ভ্রাম্যমান থেরাপি ভ্যান নং ২৪ এর মাধ্যমে থেরাপি সেবার ১০০ টি ক্যাম্পেইন পরিচালনা করা | গাইবান্ধা জেলার সাতটি উপজেলার বিভিন্ন ইউনিয়নের প্রান্তিক পর্যায়ের প্রতিবন্ধী ব্যক্তি ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদেরকে থেরাপি ভ্যানের মাধ্যমে থেরাপি সেবা প্রদানের জন্য ১০০ টি ক্যাম্পেইন পরিচালনা করা হবে। | মার্চ ২০২০-মার্চ ২০২১ পর্যন্ত প্রতি একমাস পর পর | যৌথভাবে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং উপজেলা প্রশাসন। | ভ্রাম্যমান থেরাপি ভ্যান নং ২৪ প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, নাটোর ও গাইবান্ধায় এক মাস করে দায়িত্ব পালন করে। |
| ০৪ | থেরাপি ক্যাম্পেইনে জাতির পিতার কর্মময় জীবনীর উপর প্রচারণামূলক ভিডিওচিত্র প্রদর্শণ | থেরাপি ভ্যানের মাধ্যমে ১০০ টি ক্যাম্পেইন পরিচালনাকালীন প্রতিটি উপজেলার বিভিন্ন ইউনিয়নে জাতির পিতার কর্মময় জীবনীর উপর প্রচারণামূলক ভিডিওচিত্র প্রদর্শণ করা হবে। | মার্চ ২০২০-মার্চ ২০২১ পর্যন্ত প্রতি ক্যাম্পেইনে | | |
| ০৫ | প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে কমপক্ষে ১০০ টি বিভিন্ন ধরনের সহায়ক উপকরণ বিতরণ | গাইবান্ধা জেলার সকল উপজেলার প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে চাহিদা ও প্রয়োজনীয়তার প্রেক্ষিতে কমপক্ষে ১০০ টি বিভিন্ন ধরনের সহায়ক উপকরণ বিতরণ করা হবে। | মার্চ ২০২০-মার্চ ২০২১ পর্যন্ত ১৭ মার্চ - জাতীয় শিশু দিবসসহ প্রতিবন্ধিতা সংশ্লিষ্ঠ বিভিন্ন দিবসে যেমন (২ এপ্রিল - বিশ্ব অটিজম সচেতনতা দিবস, | যৌথভাবে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, জেলা সমাজসেবা কার্যালয় এবং জেলা প্রশাসন। | প্রতিবন্ধী আইডি কার্ডধারী সুবর্ণ নাগরিক, গেজেটভুক্ত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণকে জাতীয় প্রতিবন্ধী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ১৫ অক্টোবর - বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস, ৩ ডিসেম্বর - জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস, ৭ ফেব্রুয়ারী - বাংলা ইশারা ভাষা দিবস) | | উন্নয়ন ফাউন্ডেশন হতে উপযুক্ত পরিমাণ সহায়ক উপকরণ নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দপ্রাপ্তি স্বাপেক্ষে প্রদান করা হবে। |
| ০৬ | ১০০ ওয়াট নীল রংয়ের বাল্ব (আলো) প্রজ্বলন | জাতির পিতার ১০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রসেসাকে'র অটিজম ও এনডিডি কর্ণারে ১০০ ওয়াটের একটি নীল রংয়ের বাল্ব (আলো) প্রজ্বলন করা হবে। | মার্চ ২০২০-মার্চ ২০২১ পর্যন্ত বছরব্যাপী | স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম' গাইবান্ধা এবং প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা | অটিজম দিবস উপলক্ষ্যে এ কেন্দ্রে নীল বাতি প্রজ্বলন করা হয়। |
| ০৭ | সেবা প্রদানের ক্ষেত্রে এপিএ লক্ষ্যমাত্রার চেয়ে কমপক্ষে ১০০ সেবাগ্রহিতা বৃদ্ধি করা | জাতির পিতার ১০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রসেসাকে হতে নিয়মিত সেবাগ্রহিতার সংখ্যা প্রতি মাসে কমপক্ষে ১০০ জন বৃদ্ধি করা হবে। | মার্চ ২০২০-মার্চ ২০২১ পর্যন্ত বছরব্যাপী | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা'র সকল কর্মকর্তা ও কর্মচারী | ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী বাৎসরিক ১২,০০০ টি সেবা এবং প্রতিমাসে ১,০০০ টি সেবা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। |

জাতির পিতার ১০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে উপর্যুক্ত ছকে বর্ণিত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধার সকল কর্মকর্তা ও কর্মচারী সদা সচেষ্ট থাকবেন। বিষয়টি মহোদয়ের সদয় অবগতির পত্র প্রেরণ করা হলো।

১৬/০২/২০২০
(মোঃ আখতার হোসাইন)
প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা
টেলিফোনঃ ০৫৪১-৫১৪৫১
Email: gaibandhapsosk@gmail.com

জেলা প্রশাসক
গাইবান্ধা।

স্মারক নং-৪১.০২.৩২০০.০০০.০৫.০০৮.২০২০-২১ তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৬
১৬ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা-১২০৬।

২। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা-১২০৬।

৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা।

৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা জেলা কার্যালয়, গাইবান্ধা।

৫। জনাব ..........................................................................প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা।

৬। অফিস কপি।

১৬/০২/২০২০
(মোঃ আখতার হোসাইন)
প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা